



বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (সহকারী জজ) পরীক্ষার প্রশ্ন

হুমায়রা সিদ্দিকা হুমাসা-Humaira Siddika Humasha

ড. আবু বকর সিদ্দিক-Dr. Abu Bakkar Siddiq

ড. সিদ্দিক পাবলিকেশন্স লেখক, গবেষক, শিক্ষক এবং শিক্ষার্থীদের জন্য-জ্ঞান ভান্ডার



১৬ তম বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (সহকারী জজ) পরীক্ষা ২০২৩

বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলী

বিষয় কোড : ৩৬

সময়-৩০মিনিট

[ডান দিকের সংখ্যা সংশ্লিষ্ট প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

পূর্ণমান-১০০

[বাংলা অথবা ইংরেজি যে-কোনো একটি ভাষায় উভয় অংশ হতে ৫টি করে প্রশ্নের উত্তর দিতে হবে;  
তবে টেকনিক্যাল শব্দগুলো যে-কোনো ভাষায় লেখা যাবে। সকল প্রশ্নের মান সমান: (৮×১২.৫) = ১০০]

**‘ক’ অংশ : বাংলাদেশ বিষয়সমূহ**

- ১। বঙ্গবন্ধুর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণের রাজনৈতিক, অর্থনৈতিক, কূটনৈতিক ও সামরিক প্রভাব আলোচনা করুন।
- ২। কোভিড মহামারী বাংলাদেশি অভিবাসী শ্রমিকদের জন্য কী কী বৈরী বাস্তবতা তৈরি করেছে? এই প্রেক্ষিতে বাংলাদেশের গৃহীত পদক্ষেপসমূহ মূল্যায়ন করুন।
- ৩। বাংলাদেশের রাজনৈতিক সংস্কৃতিতে নির্বাচনী সহিংসতা এড়াতে রাজনৈতিক দল, আইনশৃঙ্খলা বাহিনী, বিচার বিভাগ এবং নির্বাচন কমিশন কী ভূমিকা পালন করতে পারে?
- ৪। রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র বাস্তবায়নে বাংলাদেশের সিদ্ধান্তগুলোকে গভীরভাবে বিশ্লেষণ করুন। এই বিদ্যুৎ কেন্দ্রের নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করতে কী ব্যবস্থা নেওয়া হচ্ছে? আলোচনা করুন।
- ৫। বাংলাদেশের রপ্তানী বাণিজ্যের ক্ষেত্রে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক আণ্ড হুমকিসমূহ সনাক্ত করুন এবং সেগুলো সমাধানের পথনির্দেশ করুন।

**“খ” অংশ : আন্তর্জাতিক বিষয়সমূহ**

- ৬। “রাশিয়া-ইউক্রেন যুদ্ধে জাতিসংঘ বিবৃতিসর্বস্ব দর্শক মাত্র।”- এই মন্তব্যের সাথে আপনি একমত কি? যুদ্ধের বিভিন্ন পর্যায়ে জাতিসংঘের অবস্থানের বরাতে আপনার উত্তর সমৃদ্ধ করুন।
- ৭। ভারত-পাকিস্তান বৈরিতায় চীন ও পশ্চিমা বিশ্বের স্বার্থ ও অর্জন বিশ্লেষণ করুন। বৃহৎ শক্তিসমূহের এই দ্বন্দ্ব উপমহাদেশের অন্যান্য রাষ্ট্র কীভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে?
- ৮। “স্বল্পোন্নত দেশসমূহের অর্থনৈতিক উন্নয়নের জন্য আন্তর্জাতিক মুদ্রা তহবিল ও বিশ্ব ব্যাংকের ভূমিকা অনেক সময়ই প্রশ্নবিদ্ধ” - মন্তব্যটির যথার্থতা বিচার করুন।
- ৯। মধ্যপ্রাচ্যে শান্তি ও নিরাপত্তার হুমকিসমূহ বিশ্লেষণ করুন। সৌদি আরব ও ইয়েমেনের মধ্যে সাম্প্রতিক চুক্তি এই অঞ্চলে শান্তি প্রতিষ্ঠায় কী ভূমিকা রাখবে?
- ১০। আন্তর্জাতিক বাণিজ্যে মার্কিন ডলারের পরিবর্তে একাধিক বৈধ মুদ্রা প্রচলনের ফলাফলসমূহ বিশ্লেষণ করে নতুন বিশ্বব্যবস্থার সম্ভাবনাসমূহ যাচাই করুন। এক্ষেত্রে দুর্বল রাষ্ট্রসমূহের লাভ-ক্ষতি বিশ্লেষণ করুন।

**[English Version]**

**Bangladesh and International Affairs**

**Part-A: Bangladesh Affairs**

1. Discuss the political, economic, diplomatic and military impacts of the historic speech of Bangabandhu on the 7th March.
2. What adverse realities Covid pandemic have posed to the Bangladeshi migrant workers? Evaluate the measures taken by Bangladesh in this context.
3. What roles political parties, law enforcing agencies, judiciary and Election Commission can play to avoid electoral violence in the political culture of Bangladesh?
4. Critically analyse the decisions of Bangladesh in implementing the Rooppur Nuclear Power Plant (RNPP). What measures are being taken to ensure the safety and security to RNPP? Discuss.
5. Identify immediate internal and external threats to export trade of Bangladesh and suggest solution thereto.

**Part-B: International Affairs**

6. "United Nations is only a spectator with mere statements in the Russia-Ukraine war."-Do you agree with the comment? Enrich your answer with reference to stance of the United Nations on different stages of the War.
7. Analyse the interests and achievements of China and the West in India- Pakistan hostility. How other nations of this sub-continent are being affected by this conflict of great powers?
8. "The role of International Monetary Fund and World Bank for the economic development of the Least Developed Countries is often questionable."-Justify the tenability of the statement.

9. Analyse the threats to peace and security in the Middle East. What role the recent agreement between Saudi Arabia and Yemen will play in restoring peace in this region?
10. Explore the possibilities of a new World Order through analysing the consequences of introducing multiple tender currencies instead of the U.S. Dollar in international business. Analyse the loss and profit of weak nations in this regard.